দৈনিক সংবাদ

তারিখ 05 SEP 1986
পৃষ্ঠা … 1 … 1 …

GCC-31

## ডাক্তারদের চাকরি সমস্যার ওপর সংসদীয় কমিটি গঠনের সিদ্ধান্ত

# এম বি বি এস কোর্সে ভর্তি স্থগিত

সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, সরকারী চাকরি প্রত্যাশী সব বেকার মেডিক্যাল গ্র্যাজুয়েটের চাকরি না হওয়া পর্যন্ত মেডিক্যাল কলেজগুলোতে এম, বি, বি, এস কোর্সে ভর্তি স্থগিত রাখা হবে। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে। গতকাল বৃহস্পতিবার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের এক প্রেসনোটে একথা জানানো হয়।

প্রেসনোটে বলা হয়, সরকারী খাতের স্বাস্থ্য সার্ভিসে সদ্য পাস করা মেডিক্যাল গ্র্যাজুয়েটদের চাকরির সমস্যা সম্পর্কে কয়েকটি মহলের মতামতের প্রেক্ষিতে সরকার মেডিক্যাল শিক্ষা-ব্যবস্থা সংক্রান্ত এবং গ্র্যাজুয়েট ডিগ্রী লাভের পর ইন্টার্নীশীপ প্রশিক্ষণ সংক্রান্ত বর্তমান নীতি পর্যালোচনা করার প্রয়োজনীয়তা সক্রিয়ভাবে বিবেচনা করে দেখছে। প্রেসনোটে উল্লেখ করা হয়, এ বছরের ৪ঠা জুন তৎকালীন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী অধ্যাপক এম,এ মতিন এবং চিকিৎসক-নেতাদের মধ্যে এক সমঝোতা হয়। এতে স্থির হয়েছিল যে, মেডিক্যাল গ্র্যাজুয়েটদের প্রধান প্রধান সব দাবীই পূরণ করা হবে।

প্রেসনোটে আরো বলা হয়, সরকার এ লক্ষ্যে আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। তবে প্রতি বছর পাস করা এক হাজারেরও বেশী মেডিক্যাল গ্র্যাজুয়েটের সরকারী খাতে চাকরির সুযোগ ক্রমশঃ হ্রাস পাচ্ছে।

এতে আরো বলা হয়, এ পরিস্থিতির প্রেক্ষিতে সিদ্ধান্ত নেয়া হয়েছে, সরকারী চাকুরী প্রত্যাশী সব বেকার মেডিক্যাল গ্র্যাজুয়েট-চাকুরী না হওয়া পর্যন্ত মেডিক্যাল কলেজগুলোতে এমবিবিএস কোর্সে ভর্তি স্থগিত রাখা হবে। সরকারের এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে। এর ফলে সরকারী চাকুরী পেতে চান এমন মেডিক্যাল গ্র্যাজুয়েটদের কর্মসংস্থানের ব্যাপারে সৃষ্ট বর্তমান অচলাবস্থা দূর করতে সুবিধা হবে।

প্রেসনোটে আরো বলা হয়, পদের প্রাপ্যতা সাপেক্ষে ইন্টার্নীশীপ প্রশিক্ষণ সমাপ্ত করেছেন এমন সব মেডিক্যাল গ্র্যাজুয়েটকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মাধ্যমে প্রচলিত বিধি-বিধান অনুসারে সরকারী চাকুরীতে নিয়োগ

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### ভর্তি স্থগিত

(১ম পাতার পর)

করা যেতে পারে।

এতে আরো বলা হয়, সরকার মেডিক্যাল গ্র্যাজুয়েটদের চাকুরীর সমস্যা সামগ্রিকভাবে পরীক্ষা করে দেখতে বিভিন্ন সংসদীয় গোষ্ঠী থেকে কয়েকজন সংসদ-সদস্য নিয়ে একটি কমিটি গঠন করারও সিদ্ধান্ত নিয়েছে। কমিটি তিনমাসের ভিতর তাদের সুপারিশ পেশ করবে।